

সনি হত্যাকাণ্ড ॥ চিহ্নিত ছাত্রদল ক্যাডারদের শাস্তি নিশ্চিত না হওয়া পর্যন্ত বুয়েট খুলবে না

শরিফুল্লাহমান পিটু ॥ সনি হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত ছাত্রদল ক্যাডারদের চিহ্নিত করে শাস্তি নিশ্চিত না করা পর্যন্ত বুয়েট খুলছে না। আগামী ৩ জুলাই পর্যন্ত বুয়েট বন্ধ ঘোষণা করা হলেও এই মেয়াদ আরও বাড়ানো হচ্ছে। বুয়েটের সাধারণ ছাত্রছাত্রী এবং শিক্ষকদের দাবি অনুযায়ী দোষীদের চিহ্নিত ও তাদের শাস্তি নিশ্চিত না করে বিশ্ববিদ্যালয় খোলার কৃকি নেবে না বুয়েট কর্তৃপক্ষ। কারণ ছাত্ররা এই

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

সনি হত্যাকাণ্ড ॥ চিহ্নিত

(প্রথম পাতার পর)

হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের চিহ্নিত করে চিরতরে বহিষ্কার না করা পর্যন্ত ক্লাসে যাবে না বলে আলটিমেটাম দিয়েছে। শিক্ষকরাও ক্লাসে যোগ না দেবার সিদ্ধান্ত নিয়েছেন। এর ফলে বুয়েটের অচলাবস্থা দীর্ঘস্থায়ী হতে যাচ্ছে। এদিকে দোষীদের চিহ্নিত করতে গঠিত তদন্ত কমিটির রিপোর্টের পর অভিজ্ঞ ছাত্রদের বুয়েট বোর্ড অব রেসিডেন্স এ্যান্ড ডিসিপ্লিনের সামনে হাজির করা হবে। বুয়েটের উপাচার্যের নেতৃত্বে গঠিত এই বোর্ডের সভায় অভিজোগ ও অপরাধের গুরুত্ব বিবেচনা করে একজন ছাত্রকে বিশ্ববিদ্যালয় থেকে চিরতরে বহিষ্কার করা হচ্ছে সর্বোচ্চ শাস্তি। বুয়েট কর্তৃপক্ষ সনি হত্যাকাণ্ডে যেসব ছাত্রের সম্পৃক্ততা পাবে তাদের চিরতরে বহিষ্কার করে বিশ্ববিদ্যালয় খুলবে বলে জানা গেছে।